

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২০, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-৩ শাখা।

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ জানুয়ারি ২০০৩ ইং/৫ মাঘ ১৪০৯ বাং

এস, আর, ও নং ১৬ আইন/২০০৩—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন নং এস, আর, ও-২৭৭ আইন/২০০২, তারিখ ৬ ই অক্টোবর, ২০০২ ইংরেজী মোতাবেক ২১ শে আশ্বিন, ১৪০৯ বাংলা দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকার সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য নারায়ণগঞ্জ জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ থানাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ৬ই মাঘ, ১৪০৯ বাংলা মোতাবেক ১৯ শে জানুয়ারি, ২০০৩ ইংরেজী তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি সিদ্ধিরগঞ্জ মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

(২০৫)

মূল্য : টাকা ১.০০

## তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	সিক্দিরগঞ্জ	শিমরাইল	১৪৩ (পূর্ণ)	১-৭২৯
		আটি	১৪৪ (পূর্ণ)	১-৭২৮
		আজিবপুর	১৪৫ (পূর্ণ)	১-৩৩৫
		খোর্দ ঘোষপাড়া	১৪৭ (পূর্ণ)	১-৭৪২
		সিক্দিরগঞ্জ	১৪৬ (আংশিক)	১-৪০৭৫
(২)	সুমিলপাড়া	সিক্দিরগঞ্জ	১৪৬ (আংশিক)	১-৪০৭৫
(৩)	গোদনাইল	ধনকুন্ডা	২০৩ (পূর্ণ)	১-২২০
		জালকুড়ি	২০২ (পূর্ণ)	১-২২৭৫
		গোদনাইল	২০৪ (আংশিক)	১-৫৪৫, ৫৪৮, ৫৫১, ৫৬০, ৫৬১, ৫৬২-৫৮৮, ৬৫২-৬৬৪, ৭২৯-৭৮৩, ৭৮৪-১০৪৩, ১০৬১-১০৬২, ১০৭৬- ১১৩২, ১১৬০-১৪৭১, ১৫৪৮-১৭৫০, ১৭৬১- ১৭৮৯, ২০২৪-২০২৬, ২০৩০, ২০৪২।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ফজলুল হক

যুগ্ম-সচিব (উন্নয়ন)।

শেখ মোঃ মোবারক হোসেন, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।